

दृष्टान्त

लक्षण—

दृष्टान्तस्य सधर्मस्य वस्तुनः प्रतिबिम्बनम्।

अर्थ— समानधर्म विशिष्ट अथच भिन्न दुटि वस्तुन विश्वप्रतिबिम्बभावे सादृश्य बुझाले दृष्टान्त अलङ्कार हय।

उदाहरण—

अविदित गुणापि सत्कवि भगितिः कर्णेषु वमति मधुधाराम्।

अनधिगत परिमलापि हि हरति दृशं मालती माला।।

अर्थ— गुणसमूह जाना ना थाकलेओ उतुम कविर काव्य काने मधुधारा वर्षण करे येमन मालती माला आघ्राण ना करलेओ दृष्टिके आकर्षण करे।

एखाने वमति ओ हरति दुटि पदेर पृथगर्थ ह'लेओ तात्पर्यगत अर्थ एक प्रकार, अतएव धर्मद्वयेर मध्ये विश्वप्रतिबिम्बभाव प्रतीयमान ह'याय—दृष्टान्त अलङ्कार ह'येछे।

নিদর্শনা

লক্ষণ—

সম্ভবন্ বস্তুসম্বন্ধে সম্ভবন্ বাপি কুত্রচিৎ।
যত্র বিশ্বানুবিশ্বত্বং বোধয়েৎ সা নিদর্শনা।।

অর্থ— দুটি বস্তুর মধ্যে সাদৃশ্য সম্ভব হয়ে অথবা অসম্ভব হয়ে বস্তু দুটির মধ্যে যদি বিশ্বপ্রতিবিশ্বভাব বোধিত হয়, তাহলে নিদর্শনা অলঙ্কার হয়।

উদাহরণ—

কোহত্র ভূমিবলয়ে জনান্ মুখা তাপয়ন্ সুচিরমেতি সম্পদম্।
বেদয়ন্বিতি দিনেন ভানুমান্ আসসাদ চরমাচলং ততঃ।।

অর্থ— পৃথিবীতে লোককে বৃথা কষ্ট দিয়ে কে দীর্ঘকাল সম্পদলাভ করতে পারে? সূর্য দিনের দ্বারা এই কথাই বুঝিয়ে দিনের শেষে অস্তাচলে চলে যান।

এখানে সূর্যের পক্ষে অপরকে তাপ দেওয়া এবং অস্ত যাওয়া সম্ভব এবং সেইসঙ্গে অপরকে কষ্ট দিয়ে কোন লোকের বিপদগ্রস্ত হওয়ার মধ্যে বিশ্বপ্রতিবিশ্বভাবরূপ সাদৃশ্য বোধিত হয়েছে বলে নিদর্শনা অলঙ্কার হয়েছে।

अर्थान्तरन्यास

लक्षण—

सामान्यं वा विशेषेण विशेषस्तु न वा यदि।
कार्यञ्च कारणेनेदं कार्येन च समर्थ्यते।
साधर्म्येणैतरेणार्थान्तरन्यासोऽस्तथा ततः॥

অর্থ— সাধর্ম্য বা বৈধর্ম্য বশতঃ যদি বিশেষের দ্বারা সামান্যকে কিংবা সামান্য দ্বারা বিশেষকে অথবা কারণের দ্বারা কার্যকে কিংবা কার্যদ্বারা কারণকে সমর্থন করা হয়। তা হলে অর্থান্তরন্যাস অলঙ্কার হয়।

অর্থান্তরন্যাস অলঙ্কার আট প্রকার।

উদাহরণ—

বৃহৎসহায়ঃ কার্যাস্তং ক্ষেদীয়ানপি গচ্ছতি।

সম্ভূয়াস্তোধিমভ্যেতি মহানদ্যানগাপগা।।

অর্থ— ক্ষুদ্র ব্যক্তিও বৃহৎসহায় সম্পন্ন হলে কার্যসাধনে সমর্থ হয়। পার্বত্য ক্ষুদ্র নদীগুলি মহানদীর সঙ্গে মিলিত হয়ে সাগরে পৌঁছায়।

এখানে দ্বিতীয়ার্ধের বিশেষ অর্থ দ্বারা প্রথমার্ধের—সাধারণ অর্থটিকে সমর্থন করা হয়েছে। সুতরাং অর্থান্তর ন্যাস অলঙ্কার।